উত্তরপ্রদেশ

রাজ্যসভা নির্বাচনে বিজেপির ৮

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৫ অক্টোবর

উত্তরপ্রদেশে ১৬ অক্টোবরের রাজ্যসভা নির্বাচনের জন্য আটজন প্রার্থীর নাম ঘোষণা করল বিজেপি। তালিকায় রয়েছেন প্রাক্তন লোকসভা সাংসদ প্রিয়াঙ্কা সিং রাওয়াত এবং উত্তরপ্রদেশ বিজেপির প্রতিভাবান মুখ শ্রুতি গঙ্গোয়ার। তিনি ঝাড়খণ্ডের রাজ্যপাল সন্তোষ গঙ্গোয়ারের কন্যা। ফলে বিজেপির ৮ প্রার্থীর মধ্যে দু’জন মহিলা। দলীয় তালিকায় জায়গা পেয়েছেন ধরমপাল সিং, রাধাকান্ত ওঝা, প্রকাশ পাল, বিদ্যাসাগর সোনকর, গোপীকৃষ্ণ পান্ডে এবং রামপ্রতাপ সিং চৌহানও। তবে সবচেয়ে বেশি নজর কেড়েছে কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরির নাম না থাকা। রাজ্যসভায় তাঁর মেয়াদ শেষ হতে চলেছে। অথচ উত্তরপ্রদেশ থেকে বিজেপির ঘোষিত আটজন প্রার্থীর তালিকায় তাঁকে রাখা হয়নি। নেই কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বনোয়ারিলাল বর্মার নামও। ফলে কেন্দ্রীয়

তালিকায় নেই হরদীপ সিং পুরি

মন্ত্রিপদ থেকে তাঁদের বিদায় আসন্ন বলে মনে করা হচ্ছে। দলের অভ্যন্তরে এই সিদ্ধান্তকে কেন্দ্রীয় মন্ত্রিসভায় সম্ভাব্য রদবদলের ইঙ্গিত হিসেবেও দেখা হচ্ছে।

তাৎপর্যপূর্ণ ভাবে উত্তরপ্রদেশে রাজ্যসভা ভোটে ২০২০ সালে জয়ী হরদীপ, বনোয়ারিলাল-সহ আটজন সাংসদকেই ছেঁটে ফেলেছে বিজেপি। এঁদের মধ্যে আর দুই উল্লেখযোগ্য নাম প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী চন্দ্রশেখরের পুত্র নীরজ শেখর এবং রাজ্য পুলিশের প্রাক্তন ডিজি ব্রিজ লাল। উত্তরপ্রদেশে এবার মোট ১০টি রাজ্যসভা আসন শূন্য হচ্ছে। এখন তার মধ্যে আটটি বিজেপির দখলে, একটি সমাজবাদী পার্টি এবং একটি বহুজন সমাজ পার্টির হাতে। এই ১০টির আসনের মধ্যে বিজেপি ও সপার কাছে যথাক্রমে সাতটি ও দুটিতে জয়ের প্রয়োজনীয় সংখ্যা রয়েছে।

পড়ুয়া-বিক্ষোভে উত্তাল ফ্রান্স

ফ্রান্সে পড়ুয়াদের বিক্ষোভের ঝাঁঝ ক্রমেই বাড়ছে। দ্বিতীয় সপ্তাহে পড়ল এই বিক্ষোভ। সোমবার রাজপথে নেমে বিক্ষোভ দেখায় প্রায় তিন লক্ষ পড়ুয়া। প্যারিসের উপকণ্ঠে একটি হাই স্কুলে শিক্ষক-সঙ্কটের জেরে সেপ্টেম্বরের শেষের দিকে এই বিক্ষোভের সূচনা। তা দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়ে। আন্দোলন দমাতে গত এক সপ্তাহে প্রায় পাঁচ হাজার পড়ুয়াকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের ৮৫ শতাংশই অপ্রাপ্তবয়স্ক। বহু পড়ুয়া, শিক্ষক, সাধারণ মানুষ আহত হয়েছেন। কয়েক কোটি ইউরোর সম্পত্তির ক্ষয়ক্ষতি হয়েছে। ফ্রান্সের শিক্ষামন্ত্রী এদুয়ার্দ জেফ্রে জানিয়েছেন, ধীরে ধীরে পরিস্থিতি স্বাভাবিক হয়ে যাবে। পুলিশের শঙ্কা, অতিবাম ও নৈরাজ্যবাদী গোষ্ঠীগুলো আন্দোলনের নিয়ন্ত্রণ নেওয়ার চেষ্টা করছে।

জ্ঞানেশ-মামলায় কমিশনকে নোটিস

আইন না মেনে সিদ্ধান্ত হলে বাতিল হবে: শীর্ষ আদালত

আবু হায়াত বিশ্বাস
দিল্লি, ৫ অক্টোবর

নির্বাচন কমিশনের যাবতীয় সিদ্ধান্ত আইন অনুযায়ী নেওয়া হয়েছে কি না, তা খতিয়ে দেখে বেআইনি সিদ্ধান্ত বাতিল করার হুঁশিয়ারি দিল সুপ্রিম কোর্ট। অভিযোগ, দুই নির্বাচন কমিশনারের অনুমোদন ছাড়াই একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। এই সংক্রান্ত দায়ের-হওয়া মামলায় সোমবার নির্বাচন কমিশন ও কেন্দ্রকে নোটিস দিয়েছে শীর্ষ আদালত। এক সপ্তাহের মধ্যে কমিশনের বক্তব্য জানতে চেয়েছে আদালত। তবে মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সিইসিকে কোনও সিদ্ধান্ত নেওয়া থেকে বিরত থাকার অন্তর্বর্তী নির্দেশ দিতে অস্বীকার করেছে আদালত। কমিশনের দাবি, এর আগে একটি মামলার শুনানির পর সুপ্রিম কোর্টের নির্দেশে বলা হয়েছিল, কোনও নতুন ভোটারকে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করার জন্য ফর্ম ৬-এর সঙ্গে কমিশনের নির্দেশিত অ্যানেক্সচার ডি-তে থাকা ঘোষণাপত্র জমা দিতে হবে। ২০২৫ সালের ২৭ মে এডিআর বনাম নির্বাচন কমিশনের মামলার রায়ের ৪৫ নম্বর পয়েন্টের (এফ) পয়েন্টে বিষয়টি উল্লেখ রয়েছে বলে দাবি কমিশনের। আদালত জানিয়েছে, কমিশন আইনানুগ কোনও সিদ্ধান্ত না নিলে সেই সিদ্ধান্ত বাতিল করা হবে। এও জানিয়েছে, তারা ধরে নিচ্ছে, কমিশন আইন মেনে সিদ্ধান্ত গ্রহণ করে। অন্য দিকে, ফর্ম ৬-এর পরিবর্তনে অনুমোদন দেওয়ার ব্যাপারে নির্বাচন কমিশনের দাবি নস্যাৎ করেছে প্রধান বিচারপতি সূর্য কান্তের বেঞ্চ। আদালতের সাফ বক্তব্য, নতুন ভোটারদের জন্য ফর্ম ৬ বদলের ক্ষেত্রে অনুমোদন দেয়নি তারা। কারা অনুমতি দিয়েছে, তা কমিশনকে জানাতে হবে। এদিকে, সুপ্রিম কোর্টের নোটিসের পর জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানিয়েছে কংগ্রেস। দলের অভিযোগ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের নির্দেশে ‘সংবিধানের সঙ্গে বিশ্বাসঘাতকতা’ করেছেন জ্ঞানেশ কুমার।

এদিন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি ভি মোহনার বেঞ্চ জানায়, আইনে মুখ্য নির্বাচন কমিশনারকে দেওয়া অব্যাহতি বা ‘ইমিউনিটি’ নিয়েও তারা পর্যালোচনা করতে পারে। প্রধান বিচারপতির মন্তব্য, ‘আমরা সমস্ত সিদ্ধান্ত খতিয়ে দেখব। কোনও সিদ্ধান্ত আইনসম্মত না হলে তা বাতিল করব। আদালতের ক্ষমতা আপনারা জানেন।’ আবেদনকারী রাকেশকুমার সিংয়ের পক্ষে সওয়াল করেন প্রবীণ আইনজীবী বিকাশ সিং। তিনি সিইসিকে সাময়িক ভাবে সিদ্ধান্ত নেওয়া থেকে বিরত রাখা এবং তাঁকে সাসপেন্ড করার আবেদন জানান। তাঁর দাবি, ভোটাধিকার নিয়ে সাধারণ মানুষের মধ্যে নিরাপত্তাহীনতা তৈরি হয়েছে। তবে বেঞ্চ জানায়, সিইসিকে সরিয়ে দিলে কমিশনের কাজকর্মই থমকে যাবে। তাদের প্রশ্ন, ‘তা হলে নির্বাচন পরিচালনা করবে কে?’ আদালত স্পষ্ট করে বলেছে, আইন অনুযায়ী কমিশনের সিদ্ধান্ত সর্বসম্মত অথবা সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে হওয়া বাধ্যতামূলক হলে তা মানতেই হবে। প্রধান বিচারপতি বলেন, ‘আইনে বাধ্যবাধকতা রয়েছে এবং আমরা আশা করি তাঁরা তা মেনে চলবেন।’ কোনও সিদ্ধান্তে সেই নিয়ম না মানা হলে, আদালত তা বাতিল করতে পারে। সুপ্রিম কোর্ট স্পষ্ট করে দিয়েছে, তিন সদস্যের কমিশনের সিদ্ধান্ত সর্বসম্মতি বা সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে হওয়া উচিত, কোনও এক সদস্যের একক সিদ্ধান্ত কমিশনের সিদ্ধান্ত হিসেবে গণ্য হতে পারে না। তবে রেকর্ডে প্রক্রিয়া না মেনে একতরফা সিদ্ধান্তের প্রমাণ মিললে আদালত প্রয়োজনীয় ব্যবস্থা বিবেচনা করতে পারে।

‘ফর্ম ৬ বদলের অনুমোদন দিইনি’

নতুন ভোটারের নাম তোলার ফর্ম ৬-এর পরিবর্তন নিয়েও বিতর্ক তৈরি হয়। ২৬ সেপ্টেম্বর বিবৃতি দিয়ে কমিশন দাবি করেছিল, ফর্ম ৬-এ আবেদনের সঙ্গে ভোটারদের যে-ঘোষণাপত্র দিতে হয়েছে, তা বহাল রেখেছিল সুপ্রিম কোর্ট। এসআইআর প্রক্রিয়া ছাড়া অন্য সময়ে ভোটার-তালিকায় নাম তোলার জন্য ১৯৬০ সালের রেজিস্ট্রেশন অফ ইলেক্টরস নীতি মেনে সাধারণ ফর্ম ব্যবহার করতে হবে। এদিন প্রধান বিচারপতি বলেন, ‘পরিবর্তিত ফর্ম ৬-এর অনুমোদন আমরা দিইনি। এটা স্পষ্ট করা দরকার।’ তারপর তিনি বলেন, ‘যখন নথি জমা করা হয়, তখন দেখতে চাই, কে এটা করেছে!’ এদিনের শুনানিতে প্রধান বিচারপতির বেঞ্চ সংবাদপত্রের রিপোর্টকে একমাত্র ভিত্তি করে কোনও নির্দেশ দিতে রাজি হয়নি। সংশ্লিষ্ট সিদ্ধান্ত এবং কেন্দ্র ও ইসির বক্তব্য খতিয়ে দেখার পরই প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে বলে জানিয়েছে সর্বোচ্চ আদালত। প্রধান বিচারপতির বেঞ্চের পর্যবেক্ষণ, ‘কোনও সংবাদ প্রতিবেদন ১০০ শতাংশ ঠিক, আংশিক ঠিক বা ভুল হতে পারে, তাই তার ভিত্তিতে আদালত এই মুহূর্তে নির্দেশ দিতে পারে না। আমরা অবশ্যই তাদের (কমিশনের) জবাব চাইব। যদি আমরা দেখি যে, কোনও ক্ষেত্রে আইন মানা হয়নি, আমরা তা বাতিল করে দিতে পারি।’ এদিন রাহুল গান্ধী এক্স পোস্টে দাবি করেন, সিইসি জ্ঞানেশ কুমার বেআইনি ও একতরফা ভাবে ফর্ম ৬ পরিবর্তন করেছেন— এটি এখন ‘সন্দেহাতীত ভাবে প্রতিষ্ঠিত’।

জ্ঞানেশ-ইস্তফার দাবি কমিশন-অভিযানে আজ ‘ইন্ডিয়া’ ব্লক

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৫ অক্টোবর

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের ইস্তফার দাবিতে দেশ জুড়ে আন্দোলন চলছে। রাজধানী দিল্লিতেও বিক্ষোভ জারি রয়েছে। এরই মধ্যে মঙ্গলবার নির্বাচন কমিশনের দপ্তরে অভিযান করতে চলেছেন ইন্ডিয়া ব্লকের সাংসদরা। সমস্ত বিরোধী সাংসদ দিল্লিতে আসতে শুরু করেছেন। জানা গিয়েছে, মঙ্গলবার সকাল সাড়ে দশটায় সংসদ ভবনের মকর দ্বার থেকে নির্বাচন কমিশনের সদর দপ্তর নির্বাচন সদন পর্যন্ত প্রতিবাদ-মিছিল করবেন বিরোধী সাংসদরা। জ্ঞানেশের ইস্তফার দাবি জানাবেন তাঁরা। তবে দিল্লি পুলিশ বিরোধী সাংসদদের ওই কর্মসূচির আগেই কড়াকড়ি শুরু করেছে। সংসদ চত্বর লাগোয়া সমস্ত রাস্তায় নিরাপত্তা বাড়ানো হয়েছে। বসানো হয়েছে ব্যারিকেড। পুলিশ আদৌ সাংসদদের নির্বাচন কমিশনের দপ্তর পর্যন্ত মিছিল করে যেতে দেয় কি না, সেটাই সবচেয়ে বড় প্রশ্ন। এর আগেও বিরোধী সাংসদদের পথ আটকেছিল পুলিশ। এদিকে, জ্ঞানেশ ইস্যুতে দেশ জুড়ে আন্দোলন আরও তীব্র করার সিদ্ধান্ত নিয়েছে কংগ্রেস-সহ বিরোধী দলগুলি। সোমবার দিল্লিতে কংগ্রেস সদর দপ্তরে জরুরি বৈঠকে আন্দোলনের রূপরেখা তৈরি হয়েছে।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে ইতিমধ্যেই জানিয়েছেন, দল তিনটি দাবিতে ‘অনড়’। জ্ঞানেশ কুমারের পদত্যাগ, এসআইআর বাতিল এবং ব্যালট পেপারে ভোট। তাঁর বক্তব্য, তিন দাবিতে কংগ্রেস ও ইন্ডিয়া-র শরিকেরা ইতিমধ্যেই পথে নেমেছে। ১০ থেকে ২৮ অক্টোবর ব্লক স্তর পর্যন্ত ‘ভোট বাঁচাও দেশ বাঁচাও’ স্লোগানে আন্দোলন চালানোর সিদ্ধান্ত হয়েছে। নবরাত্রিতে বাড়ি-বাড়ি গিয়ে ‘ভোট চুরি’র বিরুদ্ধে প্রচারপত্র বিলি এবং গ্রাম-স্তরে ‘চৌপাল’ বসানোর পরিকল্পনাও রয়েছে। এদিন কংগ্রেসের বৈঠকে রাহুল গান্ধী জানিয়েছেন, জ্ঞানেশ কুমার পদত্যাগ না করা পর্যন্ত আন্দোলন চলবে। এরই মধ্যে রাহুলের অভিযোগ, জ্ঞানেশ কুমার বেআইনি ও একতরফা ভাবে ফর্ম ৬ পরিবর্তন করেছেন এবং বিজেপিকে সুবিধে পাইয়ে দিতে পদমর্যাদার অপব্যবহার করেছেন। কংগ্রেস নেতা প্রমোদ তিওয়ারি জানিয়েছেন, ইস্তফা না দিলে মঙ্গলবার শান্তিপূর্ণ মিছিল হবে। অন্য দিকে, সুপ্রিম কোর্টের নোটিসকে গণতন্ত্রেরই প্রমাণ বলে দাবি করেছে বিজেপি। দলের মুখপাত্র সম্বিত পাত্রের বক্তব্য, কমিশন ও কেন্দ্রের কাছে জবাব চাওয়া এবং আদালতে শুনানি হওয়া দেখিয়ে দেয়, দেশে সব প্রতিষ্ঠান স্বাধীন ভাবে কাজ করছে। এদিকে, ১০ অক্টোবর দেশ জুড়ে আন্দোলনের ডাক-দেওয়া ককরোচ জনতা পার্টির নেতাদের গ্রেপ্তারির আশঙ্কা প্রকাশ করেছেন দলের সহ-আহ্বায়ক সৌরভ দাস। তাঁর দাবি, তাঁকে এবং কয়েকজন নেতাকে গ্রেপ্তারের পরিকল্পনা চলছে। এদিকে, তিন মহিলা সাংবাদিককে যৌন হেনস্থা ও দুর্ব্যবহারের অভিযোগ ওঠা পুলিশকর্তা বিবেক ভগতের পদোন্নতি হয়েছে। এতদিন তিনি অ্যাসিস্ট্যান্ট কমিশনার অফ পুলিশ (এসিপি) পদে ছিলেন। এবার তাঁকে অ্যাডিশনাল ডেপুটি কমিশনার অফ পুলিশ পদে উন্নীত করা হয়েছে।

‘অপরাধীদের মনে পুলিশের ভয় তৈরি করতে হবে’

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৫ অক্টোবর

রাজধানী দিল্লি ও এনসিআরে একের পর এক ধর্ষণ এবং যৌন নির্যাতনের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে পুলিশি ব্যবস্থা আরও কঠোর ও সক্রিয় করার নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। সোমবার বিচারপতি জেবি পারদিওয়ালা এবং বিচারপতি কে বিনোদ চন্দ্রনের বেঞ্চ দিল্লি পুলিশকে স্পষ্ট জানিয়ে দিয়েছে, সম্ভাব্য অপরাধীদের মনে পুলিশের কঠোর পদক্ষেপের ভয় তৈরি করতে হবে। আদালতের পর্যবেক্ষণ, যৌন অপরাধের প্রবণতা রয়েছে, এমন সমাজবিরোধীদের মনের মধ্যে ভয় ধরাতে হবে। এমন অপরাধ করলে প্রাণ যেতে পারে— অপরাধীদের মনে এই ভয়টাও তৈরি করতে হবে।

শীর্ষ আদালতের বক্তব্য, শুধু অপরাধ ঘটে যাওয়ার পর তদন্ত করলেই হবে না, পুলিশকে সক্রিয় ভাবে অপরাধ প্রতিরোধ করতে হবে। এজন্য বিট প্যাট্রোলিং আরও জোরদার করার নির্দেশ দিয়েছে বেঞ্চ। পুলিশ ভ্যানকে দীর্ঘক্ষণ একই জায়গায় দাঁড়িয়ে না থেকে নিয়মিত টহল দেওয়ার কথাও বলা হয়েছে। আসন্ন দুর্গাপুজো ও দীপাবলির সময় বিশেষ সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়ে আদালত জানিয়েছে, উৎসবের সময়ে দুষ্কৃতীদের সক্রিয়তা বাড়তে পারে। অন্ধকার ও অপর্যাপ্ত আলোযুক্ত এলাকাগুলি চিহ্নিত করে দ্রুত আলোর ব্যবস্থা করার পাশাপাশি স্থানীয় বাসিন্দাদের সঙ্গে যোগাযোগ করে তাঁদের অভিযোগ শোনার কথাও বলা হয়েছে। পুলিশের উদ্দেশে দুই বিচারপতির বেঞ্চের মন্তব্য, শুধু কাগজে-কলমে নির্দেশ দিলেই হবে না, নিচু স্তরে সেটির বাস্তবায়নও করতে হবে। বেআইনি খাবারের দোকান ও মদের দোকানকে ঘিরে দুষ্কৃতীদের জমায়েতের অভিযোগেও নজর দিতে বলেছে আদালত।

চিকিৎসায় ত্রয়ীর নোবেল

● ১ পাতার পর

অদূর ভবিষ্যতে তা মস্তিষ্কের আচরণ, বিভিন্ন অসুখ নিরাময়ের পথ খুলে দেবে বলেও জানিয়েছে নোবেল কমিটি। কোনও একটি বিষয়ে মস্তিষ্কের ‘মন’ ঢেলে দেওয়া, আবার কিছুক্ষণ পর ‘মুখ’ ফিরিয়ে নেওয়ার রহস্য উন্মোচনের বিষয়টি প্রথমে মাথায় আসে হেগেম্যানের। একটি কোষের সবুজ শৈবালকে আলোর দিকে ভেসে যেতে দেখা তাঁর মস্তিষ্কের ধূসর কোষগুলি নাড়িয়ে দেয়। এরপর নেগালকে সঙ্গে নিয়ে তাঁরা এমন একটি নির্দিষ্ট প্রোটিনের আবিষ্কার করেন, যার ওপর নীল আলো ফেললে একটি চ্যানেল খুলে দেয়। সেই প্রোটিন অন্য কোষে ফেললে তা আলোর প্রতি স্পর্শকাতর হয়ে ওঠে। তাঁদের গবেষণার সঙ্গে জুড়ে যান কার্ল ডিসেরথ। তিনি এমন একটি জিন নিয়ে কাজ করছিলেন, যেটি ওই নির্দিষ্ট প্রোটিনকে নিয়ন্ত্রণ করে। এর সূত্রেই তিনি একটি আলোচালিত সুইচ তৈরি করেন। গবেষণার জন্য সেটি কাজে লাগানো হয় ইঁদুরের মস্তিষ্কের স্নায়ুকোষে।

স্ট্যানফোর্ড ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়ায় অধ্যাপনা করেন কার্ল ডিসেরথ। পিটার হেগেম্যান এবং জর্জ নেগাল যথাক্রমে জার্মানির হামবোল্ট বিশ্ববিদ্যালয় এবং উর্টসবার্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। তিন জয়ীকেই এদিন টেলিফোনে অভিনন্দন জানান নোবেলের মেডিসিন কমিটির সেক্রেটারি টমান পার্লম্যান।

পুরস্কারমূল্য হিসেবে ১.২০ কোটি সুইডিশ ক্রোনা বা ১২ লক্ষ মার্কিন ডলার পাবেন তাঁরা।

গত বছরেও বিভিন্ন রোগপ্রতিরোধ ক্ষমতার ওপর গবেষণা করে চিকিৎসায় নোবেল পেয়েছিলেন মেরি ই ব্রুনকাও, ফ্রেড র‍্যামসডেল এবং শিমন সাকাগুচি।

এদিন চিকিৎসা বিভাগে নোবেল পুরস্কারের সূচনার পর মঙ্গলবার পদার্থবিদ্যা, তারপর রসায়ন, সাহিত্য এবং শান্তিতে নোবেলজয়ীদের নাম ঘোষণা করা হবে। আগামী সপ্তাহে ১২ অক্টোবর ঘোষণা করা হবে অর্থনীতিতে নোবেলজয়ীর নাম।

সেন্ট্রাল সেক্রেটারিয়েট লাইব্রেরি: কেন্দ্রকে নোটিস

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৫ অক্টোবর

১৩৫ বছরের পুরনো কেন্দ্রীয় সচিবালয় লাইব্রেরিকে নতুন সেন্ট্রাল ভিস্তা প্রকল্পে কোথায় এবং কতটা জায়গা দেওয়া হবে, তা কেন্দ্রের কাছে জানতে চাইল সুপ্রিম কোর্ট। গ্রন্থাগারটিতে প্রায় ৮.৫ লক্ষ বই রয়েছে। দিল্লির শাস্ত্রী ভবনে চারতলা জুড়ে থাকা এই গ্রন্থাগারটি সেন্ট্রাল ভিস্তা প্রকল্পের কারণে অনিশ্চয়তার মুখে পড়েছে। শাস্ত্রী ভবন ভেঙে ফেলার প্রস্তাব রয়েছে। সোমবার বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি সঞ্জীব সচদেবের বেঞ্চ স্বতঃপ্রণোদিত মামলা শুনতে গিয়ে কেন্দ্রকে বিস্তারিত হলফনামা দেওয়ার নির্দেশ দেয়।

শীর্ষ আদালতে অতিরিক্ত সলিসিটর জেনারেল ঐশ্বর্যা ভাটি জানান, বর্তমানে গ্রন্থাগারের জন্য ৪,১৪৪ বর্গমিটার জায়গা রয়েছে। নতুন পরিকল্পনায় প্রায় ৫,২০০ বর্গমিটার জায়গা দেওয়ার কথা ভাবা হয়েছে। দুটি তলায় এই জায়গা থাকবে বলেও জানান তিনি। বেঞ্চ প্রশ্ন করে, ‘আপনারা এখন এই গ্রন্থাগারের জন্য ঠিক কতটা জায়গা দেওয়ার পরিকল্পনা করছেন?’ আদালত জানায়, শুধু নির্দেশ বা আশ্বাসে হবে না, পূর্ণাঙ্গ পরিকল্পনা জানা প্রয়োজন। বিচারপতিরা আরও উল্লেখ করেন, আর কে পুরমে ২০১১ সাল থেকে বাক্সবন্দি অবস্থায় পড়ে থাকা প্রায় দু’লক্ষ বইয়ের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে। আদালতের মন্তব্য, কাগজের ব্যবহার কমানোর কথা বলা হলেও ইতিমধ্যে সংরক্ষিত মূল্যবান বই ও নথির যথাযথ ব্যবস্থা করা জরুরি। কেন্দ্রকে প্রকৃত লেআউট প্ল্যান-সহ হলফনামা দিতে বলা হয়েছে। আগামী ১৬ নভেম্বর মামলাটির পরবর্তী শুনানি।

একটি বিনিয়োগকারী শিক্ষা ও সচেতনতা উদ্যোগ

মিউচুয়াল ফান্ড সম্বন্ধে বিস্তারিত জানার জন্য আমাদের সঙ্গে যোগ দিন।

তারিখ ও স্থান:
শনিবার, 10ই অক্টোবর 2026, সন্ধ্যা 6:00টা থেকে।
হোটেল পিয়ারলেস ইন, সহিদ ক্ষুদিরাম সরণি, সিটি সেন্টার, দুর্গাপুর - 713 216, পশ্চিমবঙ্গ।
রেজিস্ট্রেশনের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন: নন্দ দুলাল বারিক, মোবাইল: 89183 26283
রেজিস্ট্রেশন আবশ্যিক। রেজিস্ট্রেশনের সময় সকাল 9:30টা থেকে সন্ধ্যা 5:00টা পর্যন্ত।
সরাসরি আসার অনুমতি নেই।

HDFC MUTUAL FUND
BHAROSA APNO KA
An Investor Education and Awareness Initiative

মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ বাজারগত ঝুঁকি সাপেক্ষ, যোজনা সংক্রান্ত সমস্ত নথিপত্র ভালো করে পড়ে নিন।

যূনিয়ন বैंक ऑफ इंडिया | Union Bank of India
A Government of India Undertaking

ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, রিজিওনাল অফিস, বৃহত্তর কলকাতা: ৩, মিডলটন রো, কলকাতা– ৭০০০৭১

ইজারার ভিত্তিতে প্রেমিসেস আবশ্যক

‘ব্যাঙ্কের জন্য **পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার বাগুইআটিতে ১৭০০ বর্গফুট কার্পেট এরিয়ার ± ১০%** তারতম্য সহ অবিলম্বে দখল নেওয়ার যোগ্য/নির্মাণাধীন (২ মাসের মধ্যে সম্পূর্ণ হতে হবে) এমন একটি সুনির্মিত বাণিজ্যিক আরসিসি প্রেমিসেস আবশ্যক, যেটি **অগ্রাধিকারের ভিত্তিতে ভিআইপি রোডে বিমানবন্দরের দিকে যাওয়ার বাম দিকে,** সমস্ত সুযোগসুবিধা ও পর্যাপ্ত পার্কিং স্পেস সহ গ্রাউন্ড ফ্লোরে একটি প্রধান স্থানে অবস্থিত। বিআইএস নির্দিষ্টকরণ অনুযায়ী ল্যান্ডলর্ডকে ‘বি’ ক্লাসের স্ট্রং রুম নির্মাণ করতে হবে এবং ব্যাঙ্কের নামে ন্যূনতম ২৫ কিলোওয়াট বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। আরও বিশদ বিবরণের জন্য, অনুগ্রহ করে ব্যাঙ্কের ওয়েবসাইট **www.unionbankofindia.com** / ই-প্রকিউরমেন্ট পোর্টাল **www.eprocure.gov.in** দেখুন। **নির্দিষ্ট ফরম্যাটে বিড জমা দেওয়ার শেষ তারিখ হল ২৫.১০.২০২৬, ১৫০০ ঘণ্টা পর্যন্ত।**
কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোনো বা সমস্ত বিড বাতিল করার অধিকার ব্যাঙ্ক সংরক্ষণ করে।’

তারিখ: ০৫.১০.২০২৬ রিজিওনাল হেড

দ্রষ্টব্য: প্রযুক্তিগত কারণে প্রকাশ এবং টেন্ডার আপলোড করার তারিখ পরিবর্তন হতে পারে। তবে টেন্ডার খোলার দিনগুলি টেন্ডার আপলোড করার পর অনুমোদিত দিন অনুযায়ী হবে।

টেলিকম রেগুলেটরি অথরিটি অফ ইন্ডিয়া
ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ৬ নং ফ্লোর, টাওয়ার-এফ,
নৌরোজি নগর, নতুন দিল্লি-১১০০২৯
TRAI

শূন্যপদ বিজ্ঞপ্তি নং 1-05/2026-HR

বিষয়: ফরেন সার্ভিস শর্তে ডেপুটেশনের ভিত্তিতে ট্রাই আরও, কলকাতা-তে জয়েন্ট অ্যাডভাইজার পদ পূরণ: আবেদনপত্র প্রাপ্তির শেষ তারিখের সম্প্রসারণ প্রসঙ্গে।

১৪ মে, ২০২৬, ২৫ জুন, ২০২৬, ১৬ জুলাই, ২০২৬ এবং ০৭ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের ট্রাই, নিউ দিল্লি-র একই নম্বর বিশিষ্ট শূন্যপদ বিজ্ঞপ্তির প্রসঙ্গ টানা হচ্ছে, যার মাধ্যমে ফরেন সার্ভিস শর্তে ডেপুটেশনের ভিত্তিতে **ট্রাই আরও, কলকাতা**-তে নিম্নলিখিত পদটি পূরণের জন্য আবেদনপত্র আহ্বান করা হয়েছিল: –

পদের নাম	পে ব্যান্ড এবং গ্রেড পে
জয়েন্ট অ্যাডভাইজার	৭ম সিপিসি অনুযায়ী পে ম্যাট্রিক্সে পে লেভেল-১৩ ₹১২৩১০০-২১৫৯০০

২. অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ এখন **১৬ অক্টোবর, ২০২৬** পর্যন্ত বাড়ানো হয়েছে।
৩. আরও বিস্তারিত তথ্য ট্রাই-এর ওয়েবসাইট www.trai.gov.in থেকে পাওয়া যেতে পারে।

CBC 06202/11/0062/2627

ইন্ডিয়ান ব্যাঙ্ক | Indian Bank | ইলাহাবাদ | ALLAHABAD

এসএএম লার্জ ব্রাঞ্চ কলকাতা
দ্বিতীয় তল, ১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস,
কলকাতা- ৭০০০০১, পশ্চিমবঙ্গ

ইচ্ছাকৃত খেলাপকারীর প্রকাশ্য বিজ্ঞপ্তি

জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্ন উল্লিখিত ব্যক্তি(গণ) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া দ্বারা জারিকৃত মাস্টার ডিরেকশনস অন ট্রিটমেন্ট অফ উইলফুল ডিফল্টারস অ্যান্ড লার্জ ডিফল্টারস অনুসারে ইন্ডিয়ান ব্যাঙ্ক দ্বারা **ইচ্ছাকৃত ঋণখেলাপি** ঘোষণা করা হয়েছে।
প্রদান করার ক্ষমতা থাকা সত্ত্বেও এবং/বা তহবিল সরানো/সুরক্ষিত সম্পদের নিষ্পত্তি, নিম্নলিখিত পক্ষ বকেয়া অর্থাঙ্ক প্রদানে ব্যর্থ হয়েছেন, যার কারণে সরকারি তহবিলের উল্লেখযোগ্য ক্ষতি হয়েছে।

 মিঃ সৌমেন মুখার্জি (Mukerji) ওরফে মিঃ সৌমেন মুখার্জি (Mukherji) ওরফে মিঃ সৌমেন মুখার্জি (Mukherjee)	 মিসেস অনিন্দিতা মুখার্জি (Mukerji) ওরফে মিসেস অনিন্দিতা মুখার্জি (Mukherji) ওরফে মিসেস অনিন্দিতা মুখার্জি (Mukherjee)	খেলাপের বিশদ স্বত্বার নাম: মেসার্স রেয়ার কেয়ার মোট বকেয়া অর্থাঙ্ক: ₹৬.৪৬ কোটি (০৪.১০.২০২৬ তারিখ অনুসারে)

ইচ্ছাকৃত ঋণখেলাপির নাম	পদ/ক্ষমতা	ঠিকানা
মেসার্স রেয়ার কেয়ার	ঋণগ্রহীতা কোম্পানি	**ঠিকানা ১:** বোড়াল দক্ষিণ পাড়া দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০১৫৪ **ঠিকানা ২:** পানাকুয়া গ্রাম পঞ্চায়েত, রঘুপুর, নেপালগঞ্জ, দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০১০৩
মিঃ সৌমেন মুখার্জি (Mukerji) ওরফে মিঃ সৌমেন মুখার্জি (Mukherji) ওরফে মিঃ সৌমেন মুখার্জি (Mukherjee)	অংশীদার/ জামিনদার/ বন্ধকদাতা	৪৯/১০১, প্রিন্স গোলাম মহম্মদ শাহ রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৩৩
মিসেস অনিন্দিতা মুখার্জি (Mukerji) ওরফে মিসেস অনিন্দিতা মুখার্জি (Mukherji) ওরফে মিসেস অনিন্দিতা মুখার্জি (Mukherjee)	অংশীদার/ জামিনদার	৪৯/১০১, প্রিন্স গোলাম মহম্মদ শাহ রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৩৩

তারিখ: ০৫.১০.২০২৬ শাখা প্রবন্ধক
স্থান: কলকাতা ইন্ডিয়ান ব্যাঙ্ক, এসএএমএল কলকাতা

बैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda

এপিসি রোড শিয়ালদহ শাখা
ব্যাঙ্ক অফ বরোদা, ৫৩, এবিসি টাওয়ার প্লাজা,
সূর্য সেন স্ট্রিট, কলকাতা-৭০০০০৯

গাড়ি ই-নিলামের নোটিস

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর প্রতি এই নোটিস জারি করা হচ্ছে যে, সংশ্লিষ্ট পক্ষগণ দ্বারা সম্পাদিত রেহানাবন্ধন / ঋণচুক্তির অধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক দ্বারা পুনরায় দখল নেওয়া / ক্রোক করা গাড়ি ‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ জামিনদার/ গাড়ি/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই-নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	ঋণগ্রহীতা(গণ) / জামিনদার-এর নাম ও ঠিকানা	মোট বকেয়া	গাড়ির নির্মাতা, মডেল এবং আরটিও রেজিস্ট্রেশন নম্বর	১. ই-নিলামের তারিখ, ই-নিলাম শুরু ও শেষের সময়সীমা ২. বিড জমার শেষ তারিখ ও সময়	১. সংরক্ষণ মূল্য ২. বায়না জমা (ইএমডি) ৩. বিড বাড়ানোর মূল্য	ইএমডি জমার অ্যাকাউন্ট নম্বর, আইএফএস কোড, ব্যাঙ্ক অফ বরোদা শাখার নাম	গাড়ি / চলতি পরিসম্পদ পরিদর্শনের তারিখ ও সময়
১	সন্দীপ কুমার রায় ৪ নং ফ্লোর, ফ্ল্যাট নং ৪এ, এইচ নং ১০০২৬, উদয়ন পল্লী, ইছাপুর, ব্যারাকপুর-১, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩১৪৪	₹৮,৪৩,১৩৭.০০ তৎসহ ০৩.০৭.২০২৫ থেকে সুদ ও অন্যান্য চার্জ	হুন্ডাই আই-২০ স্পোর্টজ (০) এমটি রেজিস্ট্রেশন নং: WB 24BM 6831	ক) ০৭.১১.২০২৬ দুপুর ২টো থেকে সন্ধে ৬টা খ) ০৭.১১.২০২৬ সন্ধে ৬টা	₹৪,৭২,৫০০.০০ ₹৪৭,২৫০.০০ ₹১০,০০০.০০	BAANKNET. COM ই-ওয়ালেট	যে কোনও কাজের দিনে সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টে (আগাম যোগাযোগ করে আসবেন)

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://www.baanknet.com ওয়েবসাইট দেখুন। সম্ভাব্য বিডাররা এই মোবাইল নম্বরেও যোগাযোগ করতে পারেন: ৮২৭২৯৬৮৮১৪।

স্থান: কলকাতা
তারিখ: ০৫.১০.২০২৬

অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা

बैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda

ব্রহ্মপুর শাখা
৬২৮, ঋষি রাজ নারায়ণ বোস রোড,
ব্রহ্মপুর, কলকাতা-৭০০০৯৬

গাড়ি ই-নিলামের নোটিস

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর প্রতি এই নোটিস জারি করা হচ্ছে যে, সংশ্লিষ্ট পক্ষগণ দ্বারা সম্পাদিত রেহানাবন্ধন / ঋণচুক্তির অধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক দ্বারা পুনরায় দখল নেওয়া / ক্রোক করা গাড়ি ‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ জামিনদার/ গাড়ি/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই-নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	ঋণগ্রহীতা(গণ) / জামিনদার-এর নাম ও ঠিকানা	মোট বকেয়া	গাড়ির নির্মাতা, মডেল এবং আরটিও রেজিস্ট্রেশন নম্বর	১. ই-নিলামের তারিখ, ই-নিলাম শুরু ও শেষের সময়সীমা ২. বিড জমার শেষ তারিখ ও সময়	১. সংরক্ষণ মূল্য ২. বায়না জমা (ইএমডি) ৩. বিড বাড়ানোর মূল্য	ইএমডি জমার অ্যাকাউন্ট নম্বর, আইএফএস কোড, ব্যাঙ্ক অফ বরোদা শাখার নাম	গাড়ি / চলতি পরিসম্পদ পরিদর্শনের তারিখ ও সময়
১	মিসেস নীলাঞ্জনা রায় চৌধুরী ঠিকানা: ৮বি ৮সি, গ্রিন পার্ক, গাঙ্গুলি বাগান, দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা-৭০০০৮৪ মোবাইল: ৮৭৭৭০৫৫০৪৫	₹৪,৩৬,৩২০.০২ ৩০.০৯.২০২৬ অনুযায়ী, তৎসহ নিলামের তারিখ পর্যন্ত উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ	নির্মাতা: টাটা মোটরস মডেল: টিয়াগো এক্সই ১.২ আরটিএন বিএস৬ ফেজ২ আরটিও রেজিস্ট্রেশন নম্বর: WB 20BY 1635 রং: ওপাল হোয়াইট ইঞ্জিন নং: REVTRN19EVXK60293 চ্যাসিস নং: MAT626367RKE38572	ক) ই-নিলামের তারিখ: ২৮.১০.২০২৬ ই-নিলাম শুরুর সময়: দুপুর ২টো শেষ হওয়ার সময়: সন্ধে ৬টা খ) বিড জমার শেষ তারিখ ও সময়: ২৮.১০.২০২৬, সন্ধে ৬টা	১. সংরক্ষণ মূল্য: ₹২,৪৭,৫০০.০০ ২. বায়না অর্থাঙ্ক (ইএমডি): ₹২৪,৭২০.০০ ৩. বিড বিবর্ধন মূল্য: ₹১০,০০০.০০	BAANKNET. COM ই-ওয়ালেট	যে কোনও কাজের দিনে সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টে (আগাম যোগাযোগ করে আসবেন)

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://www.baanknet.com ওয়েবসাইট দেখুন। সম্ভাব্য বিডাররা এই মোবাইল নম্বরেও যোগাযোগ করতে পারেন: ৮৩৩৫০৭৫৫৯২।

স্থান: কলকাতা
তারিখ: ০৫.১০.২০২৬

অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা

बैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda

বৈষ্ণবঘাটা শাখা
ডি-৬, বৈষ্ণবঘাটা পাটুলি টাউনশিপ,
কলকাতা-৭০০০৯৪

গাড়ি ই-নিলামের নোটিস

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর প্রতি এই নোটিস জারি করা হচ্ছে যে, সংশ্লিষ্ট পক্ষগণ দ্বারা সম্পাদিত রেহানাবন্ধন / ঋণচুক্তির অধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক দ্বারা পুনরায় দখল নেওয়া / ক্রোক করা গাড়ি ‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ জামিনদার/ গাড়ি/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই-নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	ঋণগ্রহীতা(গণ) / জামিনদার-এর নাম ও ঠিকানা	মোট বকেয়া	গাড়ির নির্মাতা, মডেল এবং আরটিও রেজিস্ট্রেশন নম্বর	১. ই-নিলামের তারিখ, ই-নিলাম শুরু ও শেষের সময়সীমা ২. বিড জমার শেষ তারিখ ও সময়	১. সংরক্ষণ মূল্য ২. বায়না জমা (ইএমডি) ৩. বিড বাড়ানোর মূল্য	ইএমডি জমার অ্যাকাউন্ট নম্বর, আইএফএস কোড, ব্যাঙ্ক অফ বরোদা শাখার নাম	গাড়ি / চলতি পরিসম্পদ পরিদর্শনের তারিখ ও সময়
১	সুমন সেনগুপ্ত পি-১৩০, সেনহাটি কলোনি পাড়া, বেহালা, কলকাতা-৭০০০৩৪	₹৫,৭৬,১৫৯.০০ তৎসহ উদ্ভূত সুদ	হন্ডা অ্যামেজ এমএমসি ১.২ ভিএক্স এমটি (আই-ভিটেক) রেজিস্ট্রেশন নং: WB 02AT 1963	০৭.১১.২০২৬ দুপুর ২টো থেকে সন্ধে ৬টা ০৭.১১.২০২৬ সন্ধে ৬টা	₹৪,০৫,০০০.০০ ₹৪০,৫০০.০০ ₹১০,০০০.০০	BAANKNET.COM ই-ওয়ালেট	যে কোনও কাজের দিনে সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টে (আগাম যোগাযোগ করে আসবেন)

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://www.baanknet.com ওয়েবসাইট দেখুন। সম্ভাব্য বিডাররা এই মোবাইল নম্বরেও যোগাযোগ করতে পারেন: ৯০৫১৪০৫৭২৪।

স্থান: কলকাতা
তারিখ: ০৫.১০.২০২৬

অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা